

সফটওয়্যারের কারুকাজ

ড্রাইভ লেটার অপসারণ করে একটি ড্রাইভ হাইড করা

আপনি ড্রাইভ লেটার অপসারণ করতে পারেন সেকেন্ডারি ড্রাইভের ফাইল ও ফোল্ডার হাইড করার জন্য। এর ফলে আপনার কনটেন্ট অন্যদের অ্যাক্সেসকে প্রতিহত করতে পারবেন। আপনি কদাচিত ব্যবহার করেন এমন কনটেন্ট হাইড করতে চাইলে নিচে বর্ণিত ধাপগুলো অনুসরণ করতে হবে-

০১. Windows key + X কিবোর্ড শর্টকাট ব্যবহার করুন এবং Disk Management সিলেক্ট করুন।
০২. ড্রাইভকে ডান ক্লিক করুন যেটি হাইড করতে চান সেটি এবং Change Drive Letter and Paths অপশন বেছে নিন।
০৩. এবার ড্রাইভ লেটার সিলেক্ট করে Remove বাটনে ক্লিক করুন।
০৪. আপনি ড্রাইভ লেটার অপসারণ করতে চাচ্ছেন, তা নিশ্চিত করার জন্য Yes বাটনে ক্লিক করুন। এ কাজগুলো সম্পূর্ণ করার পর সম্পূর্ণ ড্রাইভ ব্যবহারকারীদের কাছে অদ্যুৎ হয়ে যাবে।

পরে যদি এই ফাইলে অ্যাক্সেস করার দরকার হয়, তাহলে ওপরে উল্লিখিত ধাপগুলো অনুসরণ করে এগিয়ে গিয়ে ৩০ং ধাপে Assign the following drive letter অপশন সিলেক্ট করুন এবং ড্রাইভের জন্য একটি নতুন লেটার বেছে নিন।

আপডেটের পর স্বয়ংক্রিয়ভাবে রিস্টার্ট বন্ধ করা

কোনো আপডেট ইনস্টল করা হলে পিসি রিস্টার্ট হয়, যা অনেক ব্যবহারকারীর কাছে এক বিরক্তিকর ব্যাপার হিসেবে বিবেচিত। আপনি ইচ্ছে করলে এই স্বয়ংক্রিয় আপডেট ইনস্টল প্রক্রিয়া বন্ধ করে দিতে পারেন নিজ দায়িত্বে। কেননা, মাইক্রোসফট এ কাজকে সাপোর্ট করে না। সুতরাং কাজটি করতে হবে নিজ দায়িত্বে।

০১. ওপেন করুন Start মেনু।
০২. এবার টাক্ষ শিডিউলারের জন্য সার্চ করুন এবং রেজাল্টে ক্লিক করুন টুল ওপেন করার জন্য।
০৩. এবার Reboot task-এ ডান ক্লিক করে সিলেক্ট করুন Disable।

এ কাজ সম্পাদন হওয়ার পর ডিভাইস আর রিস্টার্ট হবে না নতুন আপডেট ডাউনলোড ও ইনস্টল করার পর। তবে নতুন আপডেট অ্যাপ্লাই হবে না এবং ভবিষ্যৎ আপডেট ইনস্টল হবে না যতক্ষণ পর্যন্ত না আপনি ম্যানুয়ালি কমপিউটার রিবুট করছেন।

বাড়তি কিছু ধাপ

যদি উইন্ডোজ ১০ স্বয়ংক্রিয়ভাবে রিবুট টাক্ষকে আবার এনাবল করে, তাহলে এ আচরণকে খামাতে পারেন নিচে বর্ণিত কাজগুলো করে-

০১. Windows key + R কিবোর্ড শর্টকাট ব্যবহার করুন Run কমান্ড ওপেন করার জন্য।

০২. এবার %windir%\System32\Tasks\Microsoft\Windows\UpdateOrchestrator পাথটি টাইপ করে Ok করুন।
০৩. ফাইল এক্সটেনশন ছাড়া Reboot সিলেক্ট করুন। এরপর এতে ডান ক্লিক করে Rename সিলেক্ট করুন।
০৪. এবার Reboot ফাইলে নাম রিনেম করে Reboot.old করুন।
০৫. এবার ফোল্ডারের ভেতর ডান ক্লিক করুন এবং New সিলেক্ট করে Folder-এ ক্লিক করুন।

জাফর ইমাম
আব্দুর্রা�হিম, সিলেট

ভার্চুয়াল ডেক্সটপের মাঝে উইন্ডোজ মুভ করা

উইন্ডোজ মুভ করানোর জন্য টাক্ষ ভিউকে নিয়ে আসুন এবং বর্তমান ডেক্সটপ থেকে একটি ওপেন উইন্ডো ড্রাগ করে সরাসরি আপনার কাঞ্চিত ডেক্সটপে নিয়ে আসুন, যেখানে এটি মুভ করাতে চান। অথবা একটি উইন্ডো ড্রাগ করে new desktop বাটনে নিয়ে আসুন উইন্ডোর জন্য একটি নতুন ভার্চুয়াল সৃষ্টি করার জন্য।

ডেক্সটপে আইকন ফিরে পাওয়া

আপনার কমপিউটারে কিছু নির্দিষ্ট কী লোকেশনে সহজে অ্যাক্সেস পেতে চাইলে মনোনিবেশ করুন Start → Settings → Personalisation → Themes-এ। এরপর Desktop icon Settings-এ ক্লিক করে আপনার কাঞ্চিত আইকন সিলেক্ট করুন ডেক্সটপে রাখতে।

নোটিফিকেশন ম্যানেজ করা

কোন কুইক অ্যাকশন আইকন নোটিফিকেশন সেটারে ডিসপ্লে হবে, তা কাস্টমাইজ করার জন্য মনোনিবেশ করুন Start → Settings → System → Notifications & actions-এ। এরপর পুলডাউন লিস্ট থেকে বিভিন্ন আইকন সিলেক্ট করার জন্য প্রদর্শিত চার আইকনে ক্লিক করুন।

প্রাইভেসি সেটিংস কাস্টোমাইজ করা

জেনারেল এবং অ্যাপ-স্পেসিফিকেশন প্রাইভেসি অপশনের তত্ত্বাবধানের ভার নিতে চাইলে মনোনিবেশ করুন to Start → Settings → Privacy-এ। এখান থেকে আপনি স্বতন্ত্রভাবে নির্দিষ্ট করতে পারবেন কোন অ্যাপ কানেক্টেড হার্ডওয়্যার, যেমন- ক্যামেরা ও মাইক্রোফোনে অ্যাক্সেস করতে পারে।

আজাদুর রহমান
চাষাণ্য, নারায়ণগঞ্জ

ফাইলের আগে ভার্সনে অ্যাক্সেস করা

File History প্রেফারেন্স সেটআপ করার পর আপনি যেকেনো ফাইলে ডান ক্লিক করুন। এরপর Properties সিলেক্ট করে Previous Versions ট্যাব ওপেন করুন File History অথবা উইন্ডোজের সিস্টেম রিস্টোর পয়েন্টের মাধ্যমে ফাইলে সেভ করা আগের রিভিশন দেখার জন্য।

এক্সপ্লোরার রিস্টার্ট করা

কমপিউটারে সংগঠিত পরিবর্তনসমূহ দ্রুতগতিতে অ্যাপ্লাই করার জন্য দরকার কমপিউটারকে রিস্টার্ট করা। এবার টাক্ষবারে ডান ক্লিক করে Task manager চালু করুন।

এবার More Details বাটনে ক্লিক করুন এবং Processes ট্যাবের অন্তর্গত Windows Explorer নামের যেকোনো এন্ট্রি হোঁজ করে দেখুন। এরপর এতে ডান ক্লিক করে Restart সিলেক্ট করুন।

এজেন্ট ডাউনলোড ফোল্ডারের লোকেশন পরিবর্তন করা

কাস্টম Downloads ফোল্ডার ব্যবহার করার জন্য এজ ব্রাউজারকে বাধ্য করার উদ্দেশ্যে মনোনিবেশ করুন Registry Editor-এ এবং নেভিগেট করুন HKEY_CURRENT_USER\SOFTWARE\CLASSES\Local Settings\Software\Microsoft\Windows\CurrentVersion\AppContainer\Storage\microsoft\microsoftedge_8wekyb3d8bbwe\MicrosoftEdge\Main key রেজিস্ট্রি কী-তে।

এবার Default Download Directory নামে একটি নতুন স্ট্রিং তৈরি করে এর ভ্যালু সেট করুন নতুন ফোল্ডার পাথে, যেমন- D:\Downloads।

স্টেরেজ স্পেস অ্যানালাইসিস করা

আপনার কমপিউটারে কোন ধরনের ফাইল প্রচুর পরিমাণে স্পেস ব্যবহার করছে, তা জানতে চাইলে মনোনিবেশ করুন Start → Settings → Personalisation → Themes-এ। এরপর Desktop icon Settings-এ ক্লিক করে আপনার কাঞ্চিত আইকন সিলেক্ট করুন ডেক্সটপে রাখতে।

কারুকাজ বিভাগে লিখন

কারুকাজ বিভাগের জন্য প্রোগ্রাম ও সফটওয়্যার টিপস বা টুকিটাকি লিখে পাঠান। লেখা এক কলামের মধ্যে হলে ভালো হয়। সফট কমিসহ প্রোগ্রামের সোর্স কোডের হার্ড কপি প্রতি মাসের ২০ তারিখের মধ্যে পাঠাতে হবে।

সেরা ৩টি প্রোগ্রাম/টিপসের লেখককে যথাক্রমে ১,০০০, ৮৫০ ও ৭০০ টাকা পুরস্কার দেয়া হয়। সেরা ৩ টিপস ছাড়াও মানসম্মত প্রোগ্রাম/টিপস ছাপা হলে তার জন্য প্রচলিত হারে সম্মানী দেয়া হয়। প্রোগ্রাম/টিপসের লেখকদের নাম কমপিউটার জগৎ-এর বিসিএস কমপিউটার সিটি অফিস থেকেও জানা যাবে। পুরস্কার কমপিউটার জগৎ-এর বিসিএস কমপিউটার সিটি অফিস থেকে সংগ্রহ করতে হবে। সংগ্রহের সময় অবশ্যই পরিচয়পত্র দেখাতে হবে এবং পুরস্কার চলাতি মাসের ৩০ তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে।

এ সংখ্যায় প্রোগ্রাম/টিপসের জন্য প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় হয়েছেন যথাক্রমে- জাফর ইমাম, আজাদুর রহমান